দৈনিক ইত্তেফাক

তারিখ: 03 NOV ১৯৯৮
পৃষ্ঠা: ৪ কলাম: ৩

## শিক্ষামন্ত্রী সমীপে

গত ২১-১০-৯৮ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত 'মাননীয় শিক্ষামন্ত্রী সমীপেষু' শীর্ষক পত্রের বক্তব্যের সহিত আমি সম্পূণ একমত। পত্রলেখক তাহার পত্রে মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় সমীপে একটি বিবেচনাযোগ্য সুন্দর প্রস্তাব রাখিয়াছেন। এই জন্য তাঁহাকে অশেষ ধন্যবাদ জানাই। গত এস, এস, সি পরীক্ষায় আমার মেয়ে দুইটি বিষয়ে লেটারসহ ৬৫৬ নম্বর পাইয়াও ইংরেজীতে পাসের জন্য প্রয়োজনীয় নম্বর হইতে মাত্র পাঁচ নম্বর কম পাওয়ায় কৃতকার্য হইতে পারে নাই। তাই প্রয়োজনীয় নম্বর হইতে ফিসহ সংশ্লিষ্ট বিষয়ের খাতা পুনঃপরীক্ষার জন্য যশোর বোর্ড কর্তৃপক্ষের বরাবর আবেদন করা হইয়াছে। কিন্তু শুনিয়াছি, কালক্ষেপণ ছাড়া ইহাতে কোন ফল হয় না। তাই অসহনীয় উৎকণ্ঠার মধ্যে দিন কাটাইতেছি।

এমতাবস্থায়, মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় সমীপে আমার মত ভাগ্যাহত অভিভাবকদের পক্ষে বিনীত আবেদন এই যে, যাহাতে এই বৎসরের এস, এস, সি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদেরকে প্রয়োজনীয় গ্রেস নম্বর দিয়া যথাসম্ভব শীঘ্র বিভাগসহ পাস ঘোষণা করা হয় এবং একই রেজিষ্ট্রেশন নম্বরে তিনবার পরীক্ষা দিয়া অকৃতকার্য হওয়া পুরাতন পাঠ্যক্রমের সকল ছাত্র-ছাত্রী শেষবারের মত আর একবার পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারে, সে ব্যাপারে সিদ্ধান্ত ঘোষণার ব্যবস্থা নেওয়া হউক।

দেবাশীষ সাহা,
স্নেহকুঞ্জ, সাহাপাড়া,
ভাটিখানা রোড, বরিশাল।